গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ৭২/২০১৮-১৯

ঢাকা, বুধবার ১০ অক্টোবর ২০১৮, ২৫ আশ্বিন ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আইনজীবীদের ঐক্যের শক্তির অপপ্রয়োগ করা যাবে না : রাষ্ট্রপতি

২ । দক্ষিণ এশিয়ায় নৌপরিবহণ খাতে বিপুল সম্ভাবনা রয়েছে : প্রধানমন্ত্রী

৩। ঘোড়াশাল-পলাশ ইউরিয়া কারখানাসহ ২০ প্রকল্প একনেকে অনুমোদন

৪। ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় আজ

৫। রায়ের পর সহিংসতা হলে কঠোর ব্যবস্থা : সেতুমন্ত্রী

৬। ১৪ ডিসেম্বরের মধ্যে সব উপজেলায় যাবে পাঠ্যবই : শিক্ষামন্ত্রী

৭। সাব-রেজিস্ট্রার হত্যায় জড়িতদের ছাড় নয় : আইনমন্ত্রী

৮। স্বাস্থ্যসেবার প্রতিটি ক্ষেত্রে সরকার ব্যাপক উন্নয়ন করেছে : পররাষ্ট্রমন্ত্রী

৯। আগামী জাতীয় নির্বাচনে পুলিশ নিরপেক্ষ দায়িত্ব পালন করবে : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। নারীর প্রতি সব প্রতিবন্ধকতা দূর করুন : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১১। গুজব শনাক্তকরণ সেলের কাজ শুরু এ মাসেই : তথ্য প্রতিমন্ত্রী

১২। জলবায়ু পরিবর্তনে টেকসই উন্নয়ন নিয়ে চ্যালেঞ্জ : অস্ট্রিয়ায় কর্মশালায় বন উপমন্ত্রী

১৩। আরও ১৩টি মাধ্যমিক ও তিনটি মহাবিদ্যালয় সরকারিকরণ

১৪। বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস আজ

চলমান পাতা-২

১। আইনজীবীদের ঐক্যের শক্তির অপপ্রয়োগ করা যাবে না : রাষ্ট্রপতি

আইনজীবীদের উদ্দেশে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, আইনজীবীরা ঐক্যবদ্ধ থাকলে এটা একটা শক্তি। কিন্তু এ ঐক্যের শক্তির অপপ্রয়োগ করা যাবে না। তাহলে জনগণ সমর্থন করবে না। মোঃ আবদুল হামিদ দ্বিতীয় মেয়াদে রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ায় কিশোরগঞ্জ জেলা আইনজীবী সমিতির পক্ষ থেকে গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) তাঁকে দেওয়া এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষপৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ. ১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

২ । নৌপরিবহণ খাতে দক্ষিণ এশিয়ায় বিপুল সম্ভাবনা রয়েছে : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ অঞ্চলের জনগণের ব্যাপক আর্থসামাজিক উন্নয়নের জন্য সমুদ্রসম্পদকে কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করে বলেছেন, নৌপরিবহণ খাতে দক্ষিণ এশিয়ায় রয়েছে বিপুল সম্ভাবনা। এ খাতকে যথাযথভাবে কাজে লাগিয়ে এ অঞ্চলের জনগণের আর্থসামাজিক উন্নয়নে প্রভূত অবদান রাখা সম্ভব। গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর লা মেরিডিয়ান হোটেলে 'দ্বিতীয় সাউথ এশিয়া ম্যারিটাইম এন্ড লজিস্টিক ফোরাম ২০১৮'এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় প্রধানমন্ত্রী আরো বলেন, দক্ষিণ এশিয়ার অন্যদেশগুলোর সঙ্গে একটা যোগাযোগ রক্ষা করে আমরা আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে এ অঞ্চলের সকল মানুষের আর্থসামাজিক উন্নয়ন এবং দারিদ্র্য বিমোচনের ওপর সব থেকে বেশি গুরুত্ব দিচ্ছি। প্রধানমন্ত্রী বলেন, নদী ও নৌযান উন্নয়নে এবং মানুষ ও পণ্য পরিবহণে নদীর নাব্যতা রক্ষা, নদীর মাধ্যমে জলাধার সৃষ্টি ও নিরাপদ নদীপথ উন্নয়নে সরকার কাজ করে যাচ্ছে। নাব্যতা রক্ষার জন্য নদীগুলোতে ড্রেজিংয়ের ব্যবস্থা করা হয়েছে। অভ্যন্তরীণ নৌপরিবহণ ব্যবস্থাকে যৌক্তিক ও প্রতিযোগিতামূলক পরিবহণ মাধ্যম হিসেবে পুনঃপ্রতিষ্ঠা করতে আমরা অগ্রাধিকার দিয়েছি। এজন্য আমরা বন্ধ হয়ে যাওয়া নৌরুটগুলো চালু করার উদ্যোগ গ্রহণ করেছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

৩। একনেকে ঘোড়াশাল-পলাশ ইউরিয়া কারখানাসহ ২০ প্রকল্প অনুমোদন

সারের চাহিদাপূরণ এবং সুলভমূল্যে কৃষকের নিকট সার সরবরাহ নিশ্চিত করতে সরকার নরসিংদীর পলাশে আধুনিক ও উন্নত প্রযুক্তির উচ্চ ক্ষমতাসম্পন্ন নতুন ইউরিয়া সার কারখানা নির্মাণ করতে যাচ্ছে। দৈনিক এর উৎপাদন ক্ষমতা ২৮শ' মেট্রিক টন। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এ লক্ষ্যে ১০ হাজার ৪৬০ কোটি ৯১ লাখ টাকা ব্যয়ে ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পের অনুমোদন দিয়েছে। গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর শেরেবাংলা নগর এনইসি সম্মেলনকক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক সভায় ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পসহ মোট ২০টি প্রকল্পের চূড়ান্ত অনুমোদন দেয়া হয়। এসব প্রকল্প বাস্তবায়নে মোট ব্যয় হবে ৩২ হাজার ৫২৪ কোটি ৯০ লাখ টাকা। এর মধ্যে সরকারি তহবিল থেকে ১৫ হাজার ৪৯৪ কোটি ৩৭ লাখ টাকা, বাস্তবায়নকারী সংস্থা থেকে ১১ হাজার ৬৫৬ কোটি ২৭ লাখ টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে পাওয়া যাবে ৫ হাজার ৩৭৪ কোটি ২৬ লাখ টাকা। একনেক সভাশেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল প্রকল্পের বিষয়ে সাংবাদিকদের অবহিত করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৪। ২১ আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় আজ

২১ আগস্টের বর্বরোচিত ও নৃশংস গ্রেনেড হামলা মামলার রায় আজ (১০ অক্টোবর বুধবার)। রাজধানীর নাজিমউদ্দিন রোডে পুরনো কেন্দ্রীয় কারাগারের পাশে স্থাপিত ঢাকার ১ নম্বর দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক গ্রেনেড হামলার ঘটনায় আনা পৃথক দুই মামলার রায় ঘোষণা করবেন। প্রায় ১০ বছর বিচারিক কার্যক্রম শেষে গত ১৮ সেপ্টেম্বর ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১ এর বিচারক শাহেদ নূর উদ্দীন এ রায়ের দিন ধার্য করেন। সুত্র-**ইত্তেফাক**

(পৃ.১,ক.২)। **সংবাদ, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। **রায়ের পর সহিংসতা হলে কঠোর ব্যবস্থা : সেতুমন্ত্রী**

সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, একুশে আগস্টের গ্রেনেড হামলার মামলার রায়ের পর নাশকতা-সহিংসতার চেষ্টা করলে ছাড় দেওয়া হবে না। আইনশৃঙ্খলা বাহিনী কঠোর ব্যবস্থা নেবে। গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে 'আল রিয়াদ এক্সপ্রেস' নামের একটি বেসরকারি বাস সার্ভিসের উদ্বোধন অনুষ্ঠানশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৬। **১৪ ডিসেম্বরের মধ্যে সব উপজেলায় যাবে পাঠ্যবই : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আগামী শিক্ষাবর্ষের প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের জন্য ৩৫ কোটির বেশি পাঠ্যবই ছাপানো হচ্ছে। ছাপাখানাগুলোতে এখন পুরোদমে ছাপার কাজ চলছে। এ পর্যন্ত প্রায় ১১ কোটি বই ছাপিয়ে মাঠপর্যায়ে পৌঁছে দেওয়া হয়েছে। প্রতিদিনই এক থেকে দেড় কোটি বই ছাপিয়ে উপজেলা পর্যায়ে পৌঁছে দেওয়া হচ্ছে। ১৪ ডিসেম্বরের মধ্যে সব বই ছাপিয়ে উপজেলা পর্যায়ে পৌঁছে দেওয়া হবে। ২০১৯ সালের ১ জানুয়ারি যথাসময়ে সারাদেশে একযোগে পাঠ্যবই উৎসব অনুষ্ঠিত হবে। গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) রাজধানীর মাতুয়াইল এলাকায় কয়েকটি ছাপাখানায় গিয়ে পাঠ্যবই মুদ্রণকাজ পরিদর্শনশেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৩), **প্রথম আলো** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৩)।

৭। **সাব-রেজিস্ট্রার হত্যায় জড়িতদের ছাড় নয় : আইনমন্ত্রী**

গত ৮ অক্টোবর সোমবার রাতে কুষ্টিয়া সদর উপজেলার সাবরেজিস্ট্রার নূর মোহাম্মদ শাহের হত্যার ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছেন আইনমন্ত্রী এডভোকেট আনিসুল হক। গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) এক বিবৃতিতে আইনমন্ত্রী বলেন, এ হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের দ্রুত গ্রেপ্তার করে বিচারের মুখোমুখি করা হবে। কাউকে ছাড় দেওয়া হবে না। একইসঙ্গে সাব রেজিস্ট্রারের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.১)।

৮। **স্বাস্থ্যসেবার প্রতিটি ক্ষেত্রে সরকার ব্যাপক উন্নয়ন করেছে : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, বর্তমান সরকার দেশের স্বাস্থ্যসেবার উন্নয়নে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে। স্বাস্থ্যসেবার প্রতিটি ক্ষেত্রেই এ সরকার ব্যাপক উন্নয়ন সাধন করেছে। বিগত বিএনপি-জামায়াত জোট সরকার কমিউনিটি ক্লিনিক বন্ধ করার মাধ্যমে দেশের ৬৮ হাজার গ্রামের মানুষকে স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত করেছিল। এ সরকার ক্ষমতায় আসার পর থেকেই কমিউনিটি ক্লিনিকগুলো পুনরায় চালু করার মাধ্যমে স্বাস্থ্যসেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে দিয়েছে। গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) দিনাজপুর গাউসুল আজম বিএনএসবিআই হসপিটালে গ্লুকোমা, রেটিনা ও কর্নিয়া সাব-স্পেশালিটি ইউনিটের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.৬)।

৯। **আগামী জাতীয় নির্বাচনে পুলিশ নিরপেক্ষ দায়িত্ব পালন করবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, আগামী জাতীয় নির্বাচনে পুলিশ নিরপেক্ষ দায়িত্ব পালন করবে, কারণ আগামী নির্বাচনে পুলিশ থাকবে নির্বাচন কমিশনের অধীনে। গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) যুবলীগ ঢাকা মহানগর উত্তর শাখার উদ্যোগে ফার্মগেটে জনসংযোগ কর্মসূচি ও আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৩,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.১)।

১০। **নারীর প্রতি সব প্রতিবন্ধকতা দূর করুন : মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

দেশকে এগিয়ে নিতে হলে নারীর প্রতি সব ধরনের প্রতিবন্ধকতা দূর করতে হবে বলে জানিয়েছেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। কন্যাশিশু দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) জাতীয় প্রেসক্লাবে মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় আয়োজিত র‍্যালি ও মানববন্ধনে তিনি একথা বলেন। তিনি বলেন, বাল্যবিয়ে নারী উন্নয়নের প্রধান অন্তরায়। এ বাল্যবিয়ে নারীর প্রতি সহিংসতারও অন্যতম কারণ। বাল্যবিয়ের কারণে সমাজে অশিক্ষা, অপুষ্টি ও মাতৃমৃত্যু বাড়ছে। সুশৃঙ্খল সমাজ গঠনে তিনি পাড়ায়-মহল্লায় বাল্যবিয়ে প্রতিরোধে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

১১। **গুজব শনাক্তকরণ সেলের কাজ শুরু এ মাসেই : তথ্য প্রতিমন্ত্রী**

সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়ানো গুজব দ্রুত শনাক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ লক্ষ্যে তথ্য অধিদফতরের উপ-প্রধান তথ্য কর্মকর্তাকে প্রধান করে নয় সদস্যের 'গুজব শনাক্তকরণ সেল' গঠন করা হয়েছে। এ সেল নিয়মিত সামাজিক যোগাযোগ মাধ্যম পর্যবেক্ষণ করবে। চলতি মাসেই সেলের কার্যক্রম শুরু হবে। জনগণকে গুজবে কান না দেওয়ার বিষয়ে সচেতন করবে সেল। এজন্য গণমাধ্যমেরও সহযোগিতা নেওয়া হবে। গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে গুজব শনাক্তকরণ সেলের কার্যক্রম নির্ধারণ ও সহযোগিতাবিষয়ক এক আন্তঃমন্ত্রণালয় সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। তথ্য প্রতিমন্ত্রী অ্যাডভোকেট তারানা হালিমের সভাপতিত্বে এ সভায় তথ্যসচিব আবদুল মালেক, বাংলাদেশ সংবাদ সংস্থার ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক আবুল কালাম আজাদ, তথ্য অধিদফতরের প্রধান তথ্য কর্মকর্তা কামরুন নাহারসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতিনিধি, গোয়েন্দা সংস্থার প্রতিনিধি, বিটিআরসিসহ বিভিন্ন মন্ত্রণালয়ের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৩), **যুগান্তর** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

১২। **জলবায়ু পরিবর্তনে টেকসই উন্নয়ন নিয়ে চ্যালেঞ্জ : অস্ট্রিয়ায় কর্মশালায় বন উপমন্ত্রী**

জলবায়ু পরিবর্তনে টেকসই উন্নয়ন এখন বিশ্বব্যাপী চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির লাগাম ১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে না রাখতে পারলে ২০৫০ সালের মধ্যে ভয়াবহ বিপর্যয়ে পড়বে স্বল্পোন্নত দেশগুলো। গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) অস্ট্রিয়ার ভিয়েনা ইউনিভার্সিটি অভ্‌ টেকনোলজি আয়োজিত কর্মশালায় এসব কথা বলেন পরিবেশ ও বন উপমন্ত্রী আবদুল্লাহ আল ইসলাম জ্যাকব। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.১)।

১৩। **আরও ১৩টি মাধ্যমিক ও তিনটি মহাবিদ্যালয় সরকারিকরণ**

আরও ১৩টি মাধ্যমিক বিদ্যালয় ও তিনটি মহাবিদ্যালয় জাতীয়করণ করেছে সরকার। ৯ অক্টোবর থেকে ১৩টি বিদ্যালয় এবং ৭ অক্টোবর থেকে কলেজ তিনটির সরকারিকরণ কার্যকর হবে। এ বিষয়ে গতকাল (৯ অক্টোবর মঙ্গলবার) পৃথক আদেশ জারি করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪)।

১৪। **বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস আজ**

আজ (১০ অক্টোবর বুধবার) পালিত হচ্ছে বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস। এবার দিবসটির প্রতিপাদ্য 'পরিবর্তনশীল বিশ্বে তরুণদের মানসিক স্বাস্থ্য'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** প্রবাল দ্বীপ সেন্টমার্টিনকে রক্ষা করতে সরকারের আন্তঃমন্ত্রণালয় কমিটি বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ায় অভিনন্দন জানিয়ে এ দ্বীপের জীববৈচিত্র্য রক্ষায় সিদ্ধান্তগুলো দ্রুত বাস্তবায়ন করার সুপারিশ।

খ. **সমকাল :** জাল সনদে পদোন্নতি নিতে গিয়ে ধরা পড়েছে খাদ্য অধিদপ্তরের ২৮ কর্মচারী এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে এ ধরনের জালিয়াতির মূলোৎপাটনে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

গ. **যায়যায়দিন :** প্রাণিজ আমিষের অন্যতম উৎস ডিমের দাম ডজনে ১৫ টাকা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে ডিমের দাম ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **বণিক বার্তা :** বায়োমেট্রিক সিম নিবন্ধন থেকে শুরু করে নানা উদ্যোগ সত্ত্বেও দেশে এখনো প্রতিদিন প্রায় আড়াই কোটি মিনিট কল হচ্ছে অবৈধ ভিওআইপি প্রযুক্তি ব্যবহার করে, যার আর্থিক মূল্য বছরে প্রায় দেড় হাজার কোটি টাকা উল্লেখ করে দেশের অর্থনীতি ও বৃহত্তর স্বার্থে এ ব্যবসা বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

ঙ. **সংবাদ, যুগান্তর, ভোরের কাগজ :** সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ডের বিধান রেখে নতুন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন-২০১৮ এর খসড়া সম্প্রতি মন্ত্রিসভার বৈঠকে অনুমোদিত হওয়ার বিষয়টিকে স্বাগত জানিয়ে এর যথাযথ প্রয়োগ নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** প্রাথমিক বিদ্যালয়ে যোগ্য ও মেধাবী শিক্ষক নিয়োগ দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** অগ্নি নির্বাপণে ফায়ার সার্ভিসগুলোর সক্ষমতা বাড়ানোর সুপারিশ।

উপসম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, মেধাবীরা যাতে বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় আকৃষ্ট হন এবং নির্বিঘ্নে তাঁদের শিক্ষকতা ও গবেষণায় নিয়োজিত থাকতে পারেন, সেজন্য বিশ্ববিদ্যালয়গুলোকে সব ধরনের রাজনৈতিক হস্তক্ষেপ ও প্রভাবমুক্ত রাখতে হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'শিশুর বুদ্ধি বিকাশে মাছ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মা ও শিশুসহ সমগ্রজাতির পুষ্টি চাহিদা মেটাতে মাছ অত্যন্ত উপকারী খাদ্য।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা